

# একাদশে ভর্তিতে সোয়া ১০ লাখ আবেদন, চলবে আরো ৪ দিন

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে অনলাইনে আবেদন চলছে। গত ৩০ জুলাই দুপুর ১২টা থেকে প্রথম ধাপে এ আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। এ পর্যন্ত আবেদন করেছেন ১০ লাখ ২৫ হাজার ৬৭১ জন শিক্ষার্থী। আগামী ১৫ আগস্ট রাত ৮টা পর্যন্ত এ আবেদন চলবে।

সে হিসাবে শিক্ষার্থীরা আরো চারদিন প্রথম ধাপে আবেদনের সুযোগ পাবেন।

সোমবার (১১ আগস্ট) সন্ধ্যায় ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক অধ্যাপক মো. রিজাউল হক এসব তথ্য জানিয়েছেন।

**অনলাইনে আবেদন যেভাবে**

ভর্তি নীতিমালা অনুযায়ী, চলতি বছর অনলাইনে নির্ধারিত  
ওয়েবসাইটে একাদশ শ্রেণির ভর্তির আবেদনের কার্যক্রম চলবে।  
অনলাইন ছাড়া শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবেন না।

এবার আবেদন ফি ২২০ টাকা।

আবেদন ফি দিয়ে সর্বনিম্ন পাঁচটি এবং সর্বোচ্চ ১০টি কলেজে  
পছন্দক্রম দিতে পারবেন শিক্ষার্থীরা। একজন শিক্ষার্থী যতগুলো  
কলেজে আবেদন করবেন, সেগুলোর মধ্য থেকে তার মেধা, কোটা  
ও পছন্দক্রমের ভিত্তিতে একটিমাত্র কলেজে ভর্তির অবস্থান  
নির্ধারণ করা হবে।

নির্বাচিত শিক্ষার্থীকে ৩৩৫ টাকা দিয়ে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চিত  
করতে হবে।

প্রাথমিক ভর্তি নিশ্চিত করার পর তিনি আরো দুই ধাপে মাইগ্রেশন  
করতে পারবেন। শিক্ষার্থীর পছন্দের কলেজ সিট ফাঁকা থাকা  
সাপেক্ষে অটো মাইগ্রেশন করা হবে।

### ভর্তি আবেদনের যোগ্যতা

দেশের যে কোনো শিক্ষা বোর্ড থেকে এসএসসি ও সমমান  
পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির জন্য  
অনলাইনে আবেদন করতে পারবেন।

বিদেশি কোনো বোর্ড বা অনুরূপ কোনো প্রতিষ্ঠান থেকে সমমানের  
পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা

বোর্ডে তার সনদের মান নির্ধারণের পর ভর্তির যোগ্য বিবেচিত হবে।

তিন ধাপে নির্বাচিতদের চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া শুরু হবে ৭ সেপ্টেম্বর, যা চলবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত।

১৫ থেকে সেপ্টেম্বর একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে।

চলতি বছর এসএসসি ও সমমান পরীক্ষায় পাস করেছেন ১৩ লাখ ৩ হাজার ৪২৬ জন শিক্ষার্থী। শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) তথ্যমতে, সারা দেশে ৯ হাজার ১৮১টি কলেজ ও আলিম মাদরাসায় একাদশ শ্রেণিতে পাঠদানের অনুমতি রয়েছে। এসব প্রতিষ্ঠানে ভর্তিযোগ্য আসন রয়েছে প্রায় ২২ লাখের মতো।